**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 23-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, গুণগত শিক্ষা প্রদানের লক্ষ্যে শিক্ষণপদ্ধতির আধুনিকীকরণের উপর কেন্দ্রীয় এবং রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিচ্ছে| গতকাল পশ্চিম জেলার আমতলি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। এই অনুষ্ঠান থেকেই মুখ্যমন্ত্রী আরো ৫টি বিদ্যালয়ের নতুন ভবনের ভার্চুয়ালি উদ্বোধন করেন| মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে গত অর্থবছরে প্রায় ১৫৩ কোটি টাকা ব্যয়ে ৪৪টি বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করা হয়েছে।

তিনি বলেন, চলতি অর্থবছরে আমবাসা, কাকড়াবন এবং করবুকে নতুন তিনটি ডিগ্রি কলেজ স্থাপনের এবং রাজ্যে আরো ৩০টি বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে|

************************

**PM:**

জম্মু ও কাশ্মীরের পহেলগাঁও-এ সংঘটিত সন্ত্রাসবাদী আক্রমনের পরিপ্রেক্ষিতে সৌদি আরব সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সফরসূচী সংক্ষিপ্ত করে আজ সকালেই দেশে ফিরেছেন| এই রাষ্ট্রীয় সফর শেষ করে প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা ছিল আজ রাতে৷ পহেলগাঁও-এর ঘটনার পরিপ্রেক্ষিতে সৌদি আরব সরকার আয়োজিত গতকাল রাতের নৈশ ভোজসভা থেকেও শ্রী মোদী বিরত

থাকেন | প্রধানমন্ত্রীর এই সংক্ষিপ্ত সফরকালে সৌদি আরবের সঙ্গে ভারতের চারটি গুরুত্বপূর্ণ চুক্তি সাক্ষরিত হয় |এটি ছিল সৌদি আরবে তাঁর তৃতীয় সফর।

********************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লবকুমার দেব গতকাল নতুনদিল্লিতে রাজ্যের রেল যোগাযোগ ক্ষেত্রে পরিকাঠামোর উন্নয়ন, অত্যাধুনিকীকরণ, ডাবল লেন এবং রেল লাইন বাড়ানো-সহ বিভিন্ন বিষয়ে কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণোর সঙ্গে কথা বলেন | আলোচনাকালে লামডিং-সাব্রুম ডবল লেন, গৌহাটি পর্যন্ত বন্দে ভারত ট্রেন, আগরতলা-জম্মু, আগরতলা-পুরী, আগরতলা-গয়া এক্সপ্রেস চালু করা, অমৃত ভারতের অধীন আগরতলা, ধর্মনগর, কুমারঘাট ও উদয়পুর স্টেশনের আধুনিকীকরণ, বাধারঘাট স্টেশনকে বিশ্বমানের করে তোলা, জিরানীয়া ইয়ার্ড এর উন্নতিকরণ সহ আরও নতুন রেল পরিষেবা যুক্ত করার বিষয়ে তাঁদের মধ্যে কথা হয়।

******************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে|

******************

**Ganja Recovery Sonamura**:

সিপাহীজলা জেলার সোনামুড়া থানাধীন কালাপানিয়ার রাজবাড়ী এলাকার একটি বাড়ি থেকে গতকাল পুলিশ ও টি এস আর যৌথ অভিযান চালিয়ে ১,০৯৭ কেজি শুকনো গাঁজা উদ্ধার করে | উদ্ধার হওয়া গাঁজা ২০টি ড্রামে বাড়ির মোট ৩টি পৃথক অবস্থানে মাটির নিচে লুকানো অবস্থায় ছিল। এই ঘটনায় বাড়ির মালিক অভিযুক্ত জয়নাল আবেদীনকে গ্রেপ্তার করা হয়েছে। নেশাবিরোধী এই সফল অভিযানের নেতৃত্বে ছিলেন সোনামুড়া থানার ইন্সপেক্টর শুভঙ্কর দেববর্মা ও সাব-ইন্সপেক্টর জগবন্ধু দেবনাথ।

**************

**Detain of 5 tout :**

আগরতলা জিআরপি থানার পুলিশ গতকাল মানব পাচারের সঙ্গে যুক্ত পাঁচজনকে গ্রেপ্তার করেছে। ওসি তাপস দাস জানিয়েছেন লংকামুড়া, শর্মালুঙ্গা এবং শানমুড়া এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

*****************

**UPSC Civil Services Examination 2024 :**

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের সিভিল সার্ভিস পরীক্ষার ২০২৪ এর ফলাফল গতকাল ঘোষণা করা হয়েছে| এই পরীক্ষায় মেয়েদেরই জয়জয়কার| নির্বাচিত মোট ১,০০৯ জন প্রার্থীর মধ্যে ৩৩৫ জন সাধারণ শ্রেণীর, ১০৯ জন অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর, ৩১৮ জন অন্যান্য অনগ্রসর শ্রেণীর, ১৬০ জন তফসিলি জাতি এবং ৮৭ জন তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত।

***************

**Kendrio Vidyaloy-Udaipur :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় জানিয়েছেন, আগামী মাস থেকে উদয়পুরের কেন্দ্রীয় বিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া শুরু হবে৷ পঠন-পাঠন শুরু হবে জুন মাসের ২০ তারিখ থেকে|

***********************

**Mani Shankar Reception :**

ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাবের পক্ষ থেকে গতকাল এক অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যের তারকা অলরাউন্ডার তথা রাজ্য রঞ্জি দলের সহ-অধিনায়ক মণিশংকর মুড়াসিংকে ২০২৩-২৪ মরশুমের  বর্ষসেরা ক্রিকেটার হিসেবে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত এই অনুষ্ঠানে মণিশংকরের হাতে স্মারক ও পুষ্পস্তবক তুলে দেয়া হয়।

*******************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজকের আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে | রাজ্যের কিছু কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে ।আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৭ ডিগ্রি সেলসিয়াস।

******************